JAN. 13 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

উৎসব আনন্দে মুখরিত ভিকারুননিসা নূন স্কুল

ইত্তেফাক রিপোর্ট : গতকাল শনিবার ভিকারুননিসা নূন স্কুলের সুবর্ণ জয়ন্তী উৎসবের উদ্বোধনকালে প্রেসিডেন্ট অধ্যাপক এবিউএম বদরুদ্দোজা চৌধুরী বলেন, শিক্ষা মানে শুধু ডিগ্রী অর্জন নয়, আলোকিত মানুষ গড়ার নাম শিক্ষা। তিনি বলেন, শিক্ষিত বাবার চেয়ে শিক্ষিত মায়ের ভূমিকা অনেকাংশে বেশী। তাই সরকার নারী শিক্ষার প্রতি অধিকতর গুরুত্ব দিয়েছে। প্রশাসনের বিভিন্ন স্তরে দায়িত্ব গ্রহণের পাশাপাশি কল্যাণময়ী মা হিসেবে গড়ে ওঠার লক্ষ্যে ভিকারুননিসার ছাত্রীদের প্রতি তিনি আন্তরিক আহ্বান জানিয়েছেন। অনুষ্ঠানে

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

গতকাল ভিকারুননিসা নূন স্কুলের সুবর্ণজয়ন্তী উৎসবে নৃত্য পরিবেশনের দৃশ্য—ইত্তেফাক

উৎসবে আনন্দে মুখরিত

(শেষ পৃঃ পর)

প্রসঙ্গক্রমে প্রেসিডেন্ট বলেন, সরকারী স্কুলে কোন ম্যানেজিং কমিটি নাই। বেসরকারী স্কুলে কমিটি থাকলেও কার্যতঃ এই কমিটি ঘুমিয়ে আছে। শিক্ষার স্বার্থে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ভিকারুননিসা নূন স্কুলের মত জাগ্রত ম্যানেজিং কমিটি প্রয়োজন বলে তিনি মন্তব্য করেন।

আনন্দ ও উৎসবমুখর এ অনুষ্ঠানে ভিকারুননিসা নূন স্কুলের অধ্যক্ষা হামিদা আলী, ভিকারুননিসা এলমনাই এসোসিয়েশনের সভাপতি ফরিদা শেখ বক্তৃতা করেন। সভাপতিত্ব করেন স্কুল ও কলেজ পরিচালনা পরিষদের সভাপতি মেজর (অবঃ) আব্দুল মান্নান এমপি। প্রেসিডেন্ট বদরুদ্দোজা চৌধুরী বলেন, নারীর উন্নয়ন ছাড়া দেশের সার্বিক উন্নয়ন সম্ভব নয়। দেরীতে হলেও এখন বিষয়টি গুরুত্ব পাচ্ছে। সমাজের সর্বস্তরে মেয়েদের সফল পদচারণা লক্ষ্য করছি। শিক্ষা, স্বাস্থ্য, চিকিৎসা ক্ষেত্রে মেয়েরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। উকিল, ব্যারিস্টার, বিচারক, পুলিশ বাহিনীতেও মেয়েরা যোগ্যতার প্রমাণ রাখছে। রাজনীতির অঙ্গনেও মেয়েরা পিছিয়ে নেই।

প্রেসিডেন্ট বলেন, আমাদের একটি বিষয় ভাবার সময় এসেছে তা হল, যে শিক্ষা সন্ত্রাসের বিরুদ্ধে, মিথ্যা ভাষণের বিরুদ্ধে প্রতিবাদী হতে শেখায় না সে শিক্ষা কি সম্পূর্ণ শিক্ষা? সদা সত্য কথা বলিবে, চুরি করা মহাপাপ এই সত্য উপলব্ধি কেন তরুণদের মাঝে সম্প্রসারিত হচ্ছে না? শিক্ষা ক্ষেত্রে ভিকারুননিসা নূন স্কুলের ভূয়সী প্রশংসা করে প্রেসিডেন্ট বলেন, অধ্যবসায় ও শিক্ষার প্রতি অদম্য আগ্রহের ফলে স্কুলটির এ সাফল্য অর্জিত হয়েছে।

উৎসব-আনন্দের ফ্লাশব্যাক

৫০ বছর আগের কথা। ৬/৭ জন ছাত্র-ছাত্রী নিয়ে শুরু হয়েছিল একটি ইংলিশ প্রিপারেটরী স্কুল। পরবর্তীতে সিনিয়র কেমব্রিজ থেকে মাধ্যমিক স্কুল। এরপর